

— ॐ শ্রীশ্রীগিরিরাজ-গোবর্দ্ধন আরতি ॐ —

জয় জয় গিরিরাজের আরতিক শোভা ।
শ্রীব্রজমণ্ডল মাঝে জগমনলোভা ॥ ১

প্রমদ-মদনলীল শ্রীরাধা-রমণ ।
যথা নিত্যলীলা করে লয়ে সখিগণ ॥ ২

মালতী-মাধবী-কুঞ্জ কন্দরে কন্দরে ।
নিগূঢ়-নিকুঞ্জলীলা হরিমনোহরে ॥ ৩

শ্যামকুণ্ড রাধাকুণ্ড কুসুম-সরোবর ।
মানসগঙ্গা দানঘাটী যার অভ্যন্তর ॥ ৪

শ্রীগোবিন্দকুণ্ড লীলাস্থলী নাহি সীমা ।
দিবানিশি-ভক্তবৃন্দ করে পরিক্রমা ॥ ৫

‘শ্রীধরস্বামী-সেবাশ্রম’ পরমশোভন ।
যথা-নিত্যসেবা করে সারস্বতগণ ॥ ৬

অভিন্ন শ্রীকৃষ্ণ জ্ঞানে ভজিবার তরে ।
মহাপ্রভু সমর্পিলা রঘুনাথ করে ॥ ৭

গোস্বামী শ্রীরঘুনাথ দাসেরে স্মরিয়া ।
নিরন্তর সেবা করে অন্তর্ম্মনা হইয়া ॥ ৮

জয় গিরি গোবর্দ্ধন দিব্য-রসালয় ।
রূপ-সনাতন-জীব-রঘুনাথাশ্রয় ॥ ৯

সুরেন্দ্র-মুনীন্দ্র-শিব-শুক-মহাজন ।
দেখেন আরতি-শোভা দুর্লভ-দর্শন ॥ ১০

সেব্য ও সেবকরূপে নিত্য-পরকাশ ।
সানন্দে আরতি দেখে এ অধমদাস ॥ ১১